bengalioldsongs.in

ভানু বন্দ্যোপাধ্যায়, তপতী ঘোষ ও পবিত্র মিত্র
Bhanu Banerjee, Tapati Ghosh & Pabitra Mitra

N 82848—**বাঘ শিকার**—দুই খণ্ড

( কৌতুক-নক্সা )

রচনাঃ—সুধীর সরকার



পদ্মলোচনের ভূমিকায়
ভানু বন্দ্যোপাধ্যায়

( প্রথম খণ্ড )

হীরালাল—পত্রবাহক পদ্মলোচন পাল এক-জন বিখ্যাত শিকারী। আপনার খামারে যে বাঘের উপদ্রব আরম্ভ হইয়াছে, আশা করি এ'র সাহায্যে তাহাকে বধ করা সম্ভব হইবে। পদ্মলোচন বাবুর ইহা ছাড়াও অনেক গুণ আছে। তিনি অতীব বিনয়ী, অমায়িক এবং সদালাপী—বিশেষ কি লিখিব, এ'র সঙ্গে আলাপ করিলেই সম্যক উপলব্ধি করিবেন। ........আচ্ছা, গজানন সরখেল আপনাকে পাঠিয়েছেন ?

পদ্মলোচন—কেমুন কথা কন ? এতক্ষণ চিঠিতে পড়লেন কি ? আমার নামই অইল—শ্রী পদ্মলোচন পাল।

হীরালাল—তা' দেখুন লোচনবাবু—

পদ্মলোচন—খালি লোচন বলেন ক্যানো—বিশেষণটা রাখেন—পদ্মলোচন। ........ আপনার পাশে এটি কে ?

হীরালাল—আমার নাতনী—ডলি, বি-এ পড়ছে, শিকারেও ও'র খুব ঝোঁক—

পদ্মলোচন—ভাল ! শিকার ধরা ভাল।

ডলি—( হাসিয়া ) আপনি বেশ মজার লোক তো—আমাকে দেখে আপনার কি মনে হচ্ছে পদ্মলোচনবাবু ?

পদ্মলোচন—মনে ত অনেক কথাই অইতে আছে, এখন কমু কি কমু না—যেটুকু কইতে পারি—তা অইল—আপনে অতুলনীয়া—আপনে তাজমহল—

ডলি—তাজমহল ! আপনি আর উপমা খুঁজে পেলেন না—

পদ্মলোচন—আমি যখন কই—একটু বেশী কইরাই কই—Flow আইসা পড়ে কিনা—আপনে তাজমহল না—আপনে অইলেন—ইসে—আপনে—লাল কেল্লা—মানে—মানে আপনে Current—আপনে অতি আধুনিকা—

ডলি—আধুনিকা ! আপনি তা' বুঝলেন কি করে ?

পদ্মলোচন—আপনের পোষাক দেইখা—বেশবাস, চলন বলন—সবই য্যান কেমুন কেমুন—

ডলি—বেশবাসের আবার দোষ কি হল ?

পদ্মলোচন—না দোষ না—যা নাই-ই—তার আবার দোষ গুণ কি ?

ডলি—নেই মানে ? কি নেই ?

পদ্মলোচন—কিছুই তো নাই—চুড়ি ছাড়ছেন, নোলক ছাড়ছেন, পায়ের খাড়ু ছাড়ছেন, কানের মাকড়ি ছাড়ছেন—আর পোষাক—তা থাউক গিয়া—কথা কইতে গেলেই কথা বাড়ে। যাউক গিয়া—কয় হাত ?

হীরালাল—কি—ক' হাত ?

পদ্মলোচন—বাঘ—

হীরালাল—বাঘ ক' হাত তা' আমি কি ক'রে জানবো ? আমি তো আর মেপে দেখি নি—

পদ্মলোচন—আরে মশয়—তাজা বাঘটারে আপনে হাত দিয়া মাপবেন কেমনে ? আন্দাজে কন।

হীরালাল—তাই বলুন ; এই—পাঁচ হাত হবে—

পদ্মলোচন—মাত্র ! মোছ আছে ?

ডলি—মোছ, মোছ কি ?

পদ্মলোচন—আরে, গোঁফ।

ডলি—কার গোঁফ ?

পদ্মলোচন—আমার—আর আপনার দাদুর। কথা অইতাছে বাঘের—কয়—কার গোঁফ !

হীরালাল—তা তো লক্ষ্য করিনি—

পদ্মলোচন—তবে লক্ষটা করছেন কি ? ল্যাজ আছে ?

হীরালাল—কার ?

পদ্মলোচন—আবার কয় কার ? আমার—আপনের—

ডলি—দেখুন পদ্মলোচন—গজাননবাবু যে আপনাকে বাঘ মারতে পাঠিয়েছেন—আপনি কি পারবেন ?

পদ্মলোচন—কয়টা মারছি—জানেন ?

ডলি—কি মেরেছেন—বাঘ ?

পদ্মলোচন—না, হুলো বিড়াল।

ডলি—না না, সে কথা—কথা নয়—আপনি চটছেন কেন—আপনার এই স্বাস্থ্য—প্যাকাটির মত চেহারা—

পদ্মলোচন—সুললিত পালেরে চিনেন ?

ডলি—না তো—

পদ্মলোচন—জোরে বাতাস ছাড়লে উইড়া যায়—উড়ুক—হেইতে কি—তার হুঙ্কার, তার ধমকের ঠ্যালায়—তার বউ মর মর : পুরুষের স্বাস্থ্য বাইরে না- ভিতরে। সুন্দরবনে দুইটা বাঘ এক গুলিতে কাইত করছিল কে ?—আমি।

ডলি—ওমা ! তাই নাকি। তা'হলে আর দেরী করে লাভ নেই। কালই শিকারে চলুন। ঐ একটা বাঘই সমস্ত অঞ্চল জুড়ে ভয়ানক জ্বালাচ্ছে।

পদ্মলোচন—কিছু ভয় নাই—আমার নাম পদ্মলোচন, এক ডাণ্ডায় স-ব ঠাণ্ডা।

---



মিস্ ডলি
শ্রীমতী তপতী ঘোষ ( ফিল্ম )